সমকাল

তারিখ ... 05 JUN 2016 ..
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ......

# বিচার দাবিতে ফের আন্দোলনে শিক্ষক-শিক্ষার্থীরা

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী মুকুল হত্যার বিচার দাবিতে ফের আন্দোলন-কর্মসূচি শুরু করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। গ্রীষ্মকালীন ছুটির পর গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় খুললে শিক্ষক-শিক্ষার্থীরা শোক-মিছিল ও সমাবেশ করেন।



অধ্যাপক রেজাউল হত্যা

বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলাভবনের সামনে থেকে একটি মিছিল বের করেন ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মিছিলটি 'মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চে' গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করেন তারা।

এ সময় ইংরেজি বিভাগের সভাপতি মাসউদ আখতার বলেন, অধ্যাপক ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## বিচার দাবিতে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

রেজাউল শনিবারের দিন হত্যার শিকার হয়েছিলেন। তাই আমরা শুধু শনিবার আন্দোলন করব না. বিচার না হওয়া পর্যন্ত এ আন্দোলন চলতে থাকবে। এদিকে এ হত্যাকাণ্ডের দ্রুত বিচারের দাবিতে প্রতি শনিবার আন্দোলন কর্মসূচির ঘোষণা দিয়েছে ইংরেজি বিভাগ। এ ছাড়া ৬ জুন সকাল সাড়ে ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে মানববন্ধন করবে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

উল্লেখ্য, গত ২৩ এপ্রিল রাজশাহীর শালবাগান এলাকায় নিজ বাসা থেকে প্রায় ৫০ গজ দূরে দুর্বৃত্তরা কুপিয়ে হত্যা করে অধ্যাপক রেজাউল করিমকে। এ হত্যায় জেএমবি-সংশ্লিষ্টতা আছে বলে দাবি করছেন রাজশাহী মহানগর পুলিশ কমিশনার শামসুদ্দিন। এ হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে এ পর্যন্ত ৬ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের এক শিবির নেতা হাসপাতালে অসুস্থ হয়ে মারা যান।